
# দেশটাকে গড়বো

আবুল হাসান মুহাম্মদ সাদেক



# দেশটাকে গড়বো




আবুল হাসান মুহাম্মদ সাদেক

কথামালা

দেশটাকে গড়বো
আবুল হাসান মুহাম্মদ সাদেক

©
কথামালা

প্রচ্ছদ ও অলংকরণ
শাওন সাহা সনেট
আল-আমিন সরকার শান্ত

প্রকাশক
কথামালা
বাড়ি ১৪, রোড, ২৮, সেক্টর ৭
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
ফোন ঃ ০১৬৭৮৬৬৪৪০৩

পরিবেশক
সেন্টার ফর এডুকেশন্যাল রিসার্চ এ্যান্ড পাবলিকেশন্স (সার্প)
বুকস্ এ্যান্ড কমপিউটার কমপ্লেক্স
৩৮/৩, বাংলাবাজার (২য় তলা), ঢাকা-১১০০
ফোন ০১৭১১৬২২৫৬৫

মূল্য
টাকা ৫০.০০

---

Deshtakey Gorbo
Abul Hasan M. Sadeq

Cover & Design
Shawn Saha Sonet
Al-Amin Sarkar Shanto

Published by
Kothamala
House 14, Road 28, Sector 7, Uttara, Dhaka-1230.
Phone: 01678664403

Price : Tk. 50.00; $ 2.00

ISBN : 978-984-33-6482-4

# পড়িলিখি



সবে মোরা
লেখাপড়া
করবো।

হাল ধরে
দেশটারে
গড়বো।

আয়রে আয়
দৌড়ে আয়
পাঠশালায় যাই

পড়ি লিখি
বিদ্যা শিখি
বড় হতে চাই।



বই পড়ি
খেলা করি
দিন রাত।

ক্ষুধা পেলে
সবে মিলে
খাই ভাত।

# বিস্কুট

কুট কুট
বিস্কুট
খাই।

এক প্যাকেট
চকলেট
চাই।

এক পাত
মাছ ভাত
দাও।

মটরশুটি
চটপটি
নাও।



## ভাল হয়ে চলি



খালে
বিলে
চলে মাছ।
মাঠে
ঘাটে
আছে গাছ।


সকাল
বিকাল
ভাল হয়ে চলি।
সদা
সর্বদা
সত্য কথা বলি।



## নানী

নানী
পানি
খাও।

আম
জাম
দাও।



# পাখি ধরে মাছ

খালে
বিলে
চোখ আমি রাখি
আকাশে
বাতাসে
উড়ে যায় পাখি।

বোয়াল
কোড়াল
কতো মাছ আছে
মাছ ধরে
খেয়ে পরে
উড়ে যায় গাছে।

# দেশটাকে গড়বো

আমি চাই লেখাপড়া
করতে
খুশীতে মায়ের মন
ভরতে।

আমি চাই বিশ্ব জুড়ে
ঘুরতে
পাখির মতো আকাশে
উড়তে।

আমি চাই সবকিছু
শিখতে
গান ছড়া কবিতা
লিখতে।

ছাড়বো

গড়বো।



# একুশের পথে

মায়ের ভাষা
বাংলা ভাষা
অনেক ভালবাসি

মিছিলে গিয়ে
রক্ত দিয়ে
ছিনিয়ে নিয়ে আসি।

মোদের ভাষা
বড়ই খাসা
নেই তার জুড়ি।

চল্‌ছে পড়া
মজার ছড়া
গল্পের ঝুড়ি।

একুশের পথে
সোনার রথে
এনেছি স্বাধীনতা।

মোরা খাটবো
বয়ে আনবো
পরম সফলতা।



## যাকিয়্যার বাসনা

যাকিয়্যা নামের ছোট্ট মেয়ে
ডাক্তার হতে চায়
কারো কোন রোগ হলে
ভীষণ কষ্ট পায়।

অসুখ বিসুখ হলে পরে
দৌড়ে যায় সেথা
পরীক্ষা করে দেখে
রোগটা যে কোথা।

বড় হয়ে ইচ্ছে তার
ডাক্তার হবে
জীবনটা বিলিয়ে দেবে
জনসেবায় রবে।





## শান্তা ও কান্তা

ছোট্ট মেয়ে শান্তা
বোনের নাম কান্তা
বন্ধু দুই জনে।

বিস্কুট চায় নোন্তা
নরম ভাত পান্তা
খায় দুই বোনে।

মারামারি করে না
মিথ্যা কথা বলে না
ভালভাবে চলে।

ছড়া যতো পায়
গল্প ততো চায়
পড়ে আর খেলে।



## এক দুই তিন

এক দুই তিন
পড়ি সারা দিন।

চার পাঁচ ছয়
বড় মজা হয়।

সাত আট নয়
নেই কোন ভয়।

একে শূন্য দশ
খাই মজা রস।




## কে কী চায়

আকাশ চায় বৃষ্টি হয়ে
ঝরতে
বৃষ্টি চায় ফুল বাগানে
পড়তে

ফুল চায় বাগানে
ফুটতে
ফুল চায় ভালবাসা
লুটতে

ভালবাসা চায় একতা
গড়তে
একতা চায় শান্তি সৃষ্টি
করতে



## আকাশের মতো উদার হও

ছোট্টমণিরা সবাই মিলে
হিংসা বিদ্বেষ সব ভুলে
আকাশের মতো উদার হও।
স্কুল ফাঁকি দিয়ো না
দুষ্টুমী আর করো না
ভাল মানুষ হয়ে যাও।

মানুষের প্রতি দয়া করো
ভুল হলে ক্ষমা করো
মারামারি করো না
ক্ষুধার্তকে আহার দাও
দুখীর সাহায্যে এগিয়ে যাও
স্বার্থপর হয়ো না।





## বাবার হাত ধরে

জুমার দিনে আযান হলো
বাবার হাত ধরে
চলো সবাই মসজিদে যাই
টুপি মাথায় পরে।

## পৃথিবীর চারি কোণ



বাবা বলেন শিশুকে তার
এমন গুণের হও ভুবনে
যেনো তব নাম ছড়ায়
এই পৃথিবীর চারি কোণে

শিশু বলে ওগো বাবা
তোমার কথাই তো ভুল
পৃথিবীর তো কোণই নাই
এই পৃথিবী যে গোল।

## এগিয়ে চলো

এগিয়ে যদি যেতে চাও টানিবে ওরা পিছু
উপরে যদি উড়িতে চাও টানিবে ওরা নিচু।

পেছনে তুমি তাকিও না আজ
সম্মুখে তোমার হাজারো কাজ

শত বাঁধা থাকলেও নাই ভীতি
এগিয়ে যাও, সামনে যাওয়াই নীতি।




## ভাঙ্গা ডিম

এমন জিনিসের নাম আজি
সবাই মিলে বলো না
ভাঙ্গার পরেই কাজে লাগে
না ভেঙ্গে কাজ হয় না

এর জবাব তো সোজাই বটে
ডিম যে তার নাম
ভাঙ্গা ছাড়া সে ডিমে কভু
হয় না কোন কাম।





## ঈদের জামা

মাগো আমায় জামা দাও
ঈদে নতুন জামা দাও
কাঁদে ছোট খুকী।

বাবার হাতে টাকা নেই
জামা কেনার উপায় নেই
তারা এতো দুখী।

কারো আছে অনেক জামা
কারো নেই একটিও জামা
কেমন এই রীতি।

ঈদে রোযার শিক্ষা নাও
যাদের নেই তাদের দাও
এই তো ঈদের নীতি।

## জন্মদিন

জন্মদিন আমার
চলছে হাট বাজার
আনন্দ অপার।

হাত ভরা চুড়ি
দামী ছোট ঘড়ি
গলায় স্বর্ণহার।

দুটো কানে দুল
নাকে দেব ফুল
পায়ে জুতো নূপুর।

বাক্স ভরা গয়না
লিপ্‌স্টিক আয়না
চাই আজি প্রচুর।

ছোট একটা গাড়ি
দশটা লাল শাড়ি
লাল নীল ওড়না।

ফ্রক পাবো যতোটা
ফিতা চাই ততোটা
ভুল যেনো হয়না।

বই চাই গল্পে ভরা
দিতে হবে অনেক ছড়া
ছবি আঁকার রংতুলি।

পড়াশুনা করবো
সোনার বাংলা গড়বো
হিংসা বিভেদ ভুলি।

